



## ঢাকা-৯ আসনে তাসনিম জারার মনোনয়ন বাতিল



সংগৃহীত ছবি

ঢাকা-৯ সংসদীয় আসনে স্বতন্ত্র প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতায় থাকা এনসিপির সাবেক নেত্রী ডা. তাসনিম জারার মনোনয়নপত্র বাতিল করেছে নির্বাচন কর্তৃপক্ষ। শনিবার সকাল সাড়ে ১১টার দিকে যাচাই-বাছাই শেষে ঢাকা জেলা রিটার্নিং কর্মকর্তা এ সিদ্ধান্তের কথা জানান।

রিটার্নিং কর্মকর্তার কার্যালয় সূত্রে জানা গেছে, মনোনয়নপত্র ও হলফনামা পর্যালোচনায় একাধিক অসঙ্গতি ধরা পড়ায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। তবে এ বিষয়ে বিস্তারিত কারণ পরবর্তী সময়ে আনুষ্ঠানিকভাবে জানানো হবে।

হলফনামায় দেওয়া তথ্যে দেখা যায়, পেশায় চিকিৎসক ডা. তাসনিম জারার চাকরি থেকে বার্ষিক আয় ৭ লাখ ১৩ হাজার ৩৩৩ টাকা উল্লেখ করা হয়েছে। পাশাপাশি দেশের বাইরে তাঁর আয় হিসেবে দেখানো হয়েছে ৩ হাজার ২০০ ব্রিটিশ পাউন্ড। আয়কর হিসেবে তিনি ৩৪ হাজার ৫৭ টাকা পরিশোধ করেছেন বলেও হলফনামায় উল্লেখ রয়েছে।

নির্বাচন সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, মনোনয়ন বাতিলের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করার সুযোগ থাকছে।